রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ২৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৪, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩২১—৩৩১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৪৩—৫৬১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৯—২৩২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৭৭—৯২৩ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ চৈত্র ১৪২৭/২৮ মার্চ ২০২১

নং **৫৩.০০.০০০০.৪২১.৯৯.০০৫.১৮.৭**—বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর সংঘবিধির 3.6(a)(xiii) নং অনুচ্ছেদ অনুযায়ী বিআইসিএম-এর পরিচালনা পর্ষদে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের যুগ্মসচিব জনাব সিরাজুন নূর চৌধুরী- কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত ০২ (দুই) বছর মেয়াদের জন্য পরিচালক পদে মনোনয়ন প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিন উদ্দিন**
সহকারী সচিব।

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-২**

**পরিপত্র**

তারিখ : ১০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/২৪ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়:- **ভেটিং বা মতামতের জন্য প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে**

নং **৫৫.০০.০০০০.১০৬.৯৯.০১০.২০-৮০**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগে ভেটিং বা মতামতের জন্য প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে Rules of Business, 1996 এর Rule 14A এবং সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর নির্দেশ নং ১৫৮, ২২৭, ২২৮, ২৪০, ও ২৪১ যথাযথ অনুসরণ না করে এবং কোনো কোনো ক্ষেত্রে পত্র আকারে (in the form of a letter) বা অগ্রায়ণপত্রের (Forwarding letter) সাথে সংযুক্ত করে প্রস্তাব প্রেরণ করা হয়। ফলে প্রয়োজনীয় তথ্য বা কাগজপত্রের অভাবে বিষয় নিষ্পত্তিতে বিলম্ব হয়। অযথা বিলম্ব পরিহারার্থে উল্লিখিত

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ এবং নথিতে উপস্থাপন করে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নথি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

২। ভেটিং বা মতামতের জন্য প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নিম্নরূপ চেকলিস্ট অনুসরণ করতে হবে, যথা :

**(ক) আইন ও অধ্যাদেশ প্রণয়ন/সংশোধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :**

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;

(২) মন্ত্রিসভার নীতিগত অনুমোদনের সত্যায়িত কপি;

(৩) উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত/সত্যায়িত মন্ত্রিসভায় উত্থাপিত সারসংক্ষেপ ও খসড়া বিলের তিনটি কপি;

(৪) সারসংক্ষেপে উল্লিখিত সংযুক্ত কাগজাদির সত্যায়িত কপি;

(৫) বিদ্যমান আইন/অধ্যাদেশ সংশোধনের ক্ষেত্রে প্রস্তাবিত বিধান ও বিদ্যমান বিধানের তুলনামূলক বিবরণী;

(৬) প্রস্তাবিত আইন/অধ্যাদেশের সফট্‌কপি;

(৭) প্রস্তাবিত আইন/অধ্যাদেশের বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল ও ই-মেইল ঠিকানা; এবং

(৮) প্রস্তাবিত খসড়া বিল/অধ্যাদেশ এর বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোনো আদেশ বা রিট মামলা নিষ্পন্নাধীন রয়েছে কিনা এতদ্‌বিষয়ক হালনাগাদ (রুল নিশির কপি/নিষেধাজ্ঞার কপি/ আরজি/ জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

**(খ) বিধি ও প্রবিধান প্রণয়ন/সংশোধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :**

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;

(২) স্ব-ব্যাখ্যাত সারসংক্ষেপ;

(৩) প্রস্তাবিত খসড়া বিধি/প্রবিধানের সত্যায়িত তিনটি কপি;

(৪) আনুষঙ্গিক দলিলপত্র ও তথ্যাদি;

(৫) প্রযোজ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/সরকারী কর্ম কমিশন/প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি/জাতীয় রাজস্ব বোর্ড এর মতামত/সরকারী আদেশপত্র (জি.ও) এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কমিশন/সংস্থার মতামত/সম্মতি;

(৬) প্রাক-প্রকাশনা হয়ে থাকলে সে-সংক্রান্ত কাগজপত্র;

(৭) প্রযোজ্য ক্ষেত্রে তুলনামূলক বিবরণী;

(৮) প্রস্তাবিত বিধি/প্রবিধানের সফট্‌কপি;

(৯) প্রস্তাবিত বিধি/প্রবিধানের বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল ও ই- মেইল ঠিকানা; এবং

(১০) প্রস্তাবিত খসড়া বিধি/প্রবিধান এর বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোনো আদেশ বা রিট মামলা নিষ্পন্নাধীন রয়েছে কিনা এতদ্‌বিষয়ক হালনাগাদ (রুল নিশির কপি/নিষেধাজ্ঞার কপি/ আরজি/জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

**(গ) চুক্তি ও সমঝোতা স্মারক এর জন্য প্রয়োজনীয় কাগজপত্র:**

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;

(২) স্ব-ব্যাখাত সার-সংক্ষেপ;

(৩) আনুষঙ্গিক দলিলপত্র ও প্রয়োজনীয় তথ্যাদি (যেমন: ঋণচুক্তি বা অনুরূপ অন্যান্য চুক্তির ক্ষেত্রে দাতা সংস্থার General Conditions এবং দেশে বা বিদেশে নেগোসিয়েশন হয়ে থাকলে উহার কপি);

(৪) প্রযোজ্য ক্ষেত্রে কনভেনশন, প্রটোকল ও ট্রিটির কপি;

(৫) প্রযোজ্য ক্ষেত্রে বিশেষজ্ঞ মতামতের সত্যায়িত কপি;

(৬) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামতের সত্যায়িত কপি;

(৭) প্রস্তাবিত খসড়া চুক্তির/সমঝোতা স্মারকের সফট্‌কপি; এবং

(৮) প্রস্তাবিত চুক্তির বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল ও ই- মেইল ঠিকানা; এবং

(৯) প্রস্তাবিত খসড়া চুক্তি, সমঝোতা স্মারক, কনভেনশন, প্রটোকল বা ট্রিটির বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোনো আদেশ বা রিট মামলা নিষ্পন্নাধীন রয়েছে কিনা এতদ্‌বিষয়ক হালনাগাদ (রুল নিশির কপি/নিষেধাজ্ঞার কপি/আরজি/জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

**(ঘ) প্রজ্ঞাপন, আদেশ, নীতিমালা ও আইনের মর্যাদাসম্পন্ন অন্যান্য দলিলের (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর অনুচ্ছেদ ১৫২ এ উল্লিখিত আইন এর সংজ্ঞা দ্রষ্টব্য) জন্য প্রয়োজনীয় কাগজপত্র :**

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;

(২) স্ব-ব্যাখ্যাত সারসংক্ষেপ;

(৩) প্রস্তাবিত খসড়া প্রজ্ঞাপন, আদেশ, নীতিমালা বা আইনের মর্যাদাসম্পন্ন অন্যান্য দলিলের সত্যায়িত তিনটি কপি;

(৪) বিদ্যমান প্রজ্ঞাপন, আদেশ অন্যান্য দলিলের গেজেট কপি (ফটোকপির ক্ষেত্রে পূর্ণাঙ্গ গেজেটের ফটোকপি সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে);

(৫) আনুষঙ্গিক প্রয়োজনীয় তথ্য ও কাগজাদি;

(৬) প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের মতামত/জি.ও-র সত্যায়িত কপি; এবং

(৭) প্রস্তাবিত প্রজ্ঞাপন/আদেশের বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল ও ই- মেইল ঠিকানা; এবং

(৮) প্রস্তাবিত খসড়া প্রজ্ঞাপন, আদেশ, নীতিমালা ও আইনের মর্যাদাসম্পন্ন অন্যান্য দলিল এর বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোনো আদেশ বা রিট মামলা নিষ্পন্নাধীন রয়েছে কিনা এতদ্‌বিষয়ক হালনাগাদ (রুল নিশির কপি/নিষেধাজ্ঞার কপি/আরজি/জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

৩। উপর্যুক্ত ক্রমিক নং ২ এর দফা (ক), (খ), (গ), এবং (ঘ)- তে বর্ণিত সকল প্রস্তাবের Soft Copy Unicode এর Nikosh font এ পাঠাতে হবে।

**ড. মোহাম্মদ মহিউদ্দীন**
যুগ্মসচিব (প্রশাসন-২)।

## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-১

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/২১ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৫.২৭.০০২.২০.১৪৭**—জনাব মোঃ মাসুদ রানা, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী এর বিরুদ্ধে বেগম ফারজানা নাসরিন কর্তৃক যৌতুক নিরোধ আইন, ২০১৮ এর ৩ ধারায় আমলী আদালত, কোতয়ালী, যশোরে দায়েরকৃত সি.আর. মামলা নং ১১৪৯/২০২০ বিচারাধীন থাকায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২৫ অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো এবং বর্তমান কর্মস্থল হতে প্রত্যাহারপূর্বক এ বিভাগে সংযুক্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা ও আনুষঙ্গিক ভাতাদি বিধি মোতাবেক প্রাপ্ত হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ০৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/২২ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৫.২৭.০০১.১৮.১৫২**—নড়াইলের সাবেক সহকারী জজ বর্তমানে ভোলা জজশীপের চরফ্যাশন চৌকি আদালতের সহকারী জজ জনাব মোঃ রহমত আলী এর বিরুদ্ধে যৌতুক নিরোধ আইন, ২০১৮ এর ৩ ধারায় আমলী আদালত, খালিশপুর, খুলনায় দায়েরকৃত সি.আর. মামলা নং ৩৪২/২০১৯ বিচারাধীন থাকায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২৫ অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো এবং বর্তমান কর্মস্থল হতে প্রত্যাহারপূর্বক এ বিভাগে সংযুক্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা ও আনুষঙ্গিক ভাতাদি বিধি মোতাবেক প্রাপ্ত হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন শাখা-৬

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ চৈত্র, ১৪২৭/১৬ মার্চ, ২০২১

নং **২৫.০০.০০০০.০১৯.০৫.০৩.২০১৫-১৬৯**—এতদ্বারা গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২০ এর ৩(১) ধারা অনুযায়ী "গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ" নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
## মবিঅ-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ চৈত্র ১৪২৭/২৮ মার্চ ২০২১

নং **৩২.০০.০০০০.০২৮.১৮.০১১.২১-১০১**—মরিয়ম খানম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ঝিনাইগাতি, শেরপুর (সংযুক্তি-সহকারী হোস্টেল সুপার, মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ১২(১) মোতাবেক ২৮-০৩-২০২১ তারিখ থেকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্ত কালীন সময়ে মরিয়ম খানম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ঝিনাইগাতি, শেরপুর (সংযুক্তি- সহকারী হোস্টেল সুপার, মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর)- কে মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকায় ন্যস্ত করা হলো এবং তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর কর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সায়েদুল ইসলাম**
সচিব।

---

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মৎস্য-১ অধিশাখা

**শোক প্রস্তাব**

তারিখ : ২৯ চৈত্র ১৪২৭/১২ এপ্রিল ২০২১

নং **৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩.১৯৪**—বেগম ফারহানা নাজমীন, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ গত ২১-০৩-২০২১ খ্রি. তারিখ আনুমানিক বিকাল ০৪:১৫ ঘটিকার সময় যমুনা নদীর হার্ডপয়েন্টে পানিতে ডুবে যান। কর্মকর্তাকে উদ্ধার করে ২৫০ শয্যাবিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। বেগম ফারহানা নাজমীন দিনাজপুরের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ২২-১১-১৯৭২ তারিখে জন্ম গ্রহণ করেন। তিনি বিগত ০৩-০৯-২০০০ খ্রি. তারিখে মৎস্য অধিদপ্তরাধীন "৪র্থ মৎস্য" প্রকল্পে মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা পদে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জয়পুরহাটে চাকরিতে প্রথম যোগদান করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন দপ্তরে অত্যন্ত নিষ্ঠার সাথে সরকারি দায়িত্ব পালন করেন।

৩। কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান, সদালাপী এ কর্মকর্তা মৃত্যুকালে স্বামী, আত্মীয়-স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম বেগম ফারহানা নাজমীন-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**রওনক মাহমুদ**
সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ০৭ জুন ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-১৫/০৫(অংশ-২)-৯৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ তৌহিদুল ইসলাম, পিতা-মোঃ মোজাম্মেল হক, মাতা-হাসিনা বেগম, গ্রাম-শোভনকর্দি, ডাকঘর-বরদিয়া, উপজেলা-মতলব দক্ষিণ, জেলা-চাঁদপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চাঁদপুর জেলার মতলব দক্ষিণ উপজেলার মতলব পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## শিক্ষা মন্ত্রণালয়
## সরকারি কলেজ-৩ অধিশাখা

### অফিস আদেশ

তারিখ : ০২ চৈত্র ১৪২৭/১৬ মার্চ ২০২১

নং **৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০৯৪.১৯.২০৩**—যেহেতু, জনাব মো. আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে টাঙ্গাইল জেলা বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৩য় আদালত এ বাদী হয়ে তাঁর প্রাক্তন স্ত্রী যৌতুক বিরোধী আইনের ৪ ধারায় সি, আর-১৫১/১৭ দায়ের করেন। উক্ত মামলায় চার্জ গঠন হয় এবং মামলা আদালতে বিচারাধীন থাকায় তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মো. আব্দুর রাজ্জাক এর বিরুদ্ধে সি.আর. মামলা নং- ১৫১/১৭ খারিজ হওয়ায় সাময়িক বরখাস্ত প্রত্যাহারের জন্য আবেদন করেন। তাঁর পরিপ্রেক্ষিতে মহাপরিচালক ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা নিম্নবর্ণিত মতামত প্রদান করেছেন : "As he is acquitted from the criminal case from C R case No. 151 of 2017 vide order date 21.0.2021 passed by the Senior Judicial Magistrate Court No. 3, Tangail, Md. Abdur Razzak. B.C.S. (General Education) ID. 16134156040 can be reinstated in service.

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক সি.আর. মামলা নং-১৫১/১৭ খারিজ হওয়ায় তাঁকে মামলা দায় হতে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু, জনাব মো. আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন-২০১৮ এর ৩৯(৩) ধারা অনুযায়ী সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুব হোসেন**
সচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ অধিশাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ০২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১৬ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৭.১৬.৯৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955) এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ছয়পুখুরিয়া | ৭৪ | ১২০২ | বগুড়া সদর | বগুড়া |
| ২ | শিববাটি | ৮৫ | ৪৬৬ | বগুড়া সদর | বগুড়া |
| ৩ | সুড়ীমারা | ১৬১ | ৩৭৯ | বগুড়া সদর | বগুড়া |
| ৪ | খাদাস | ২২৭ | ১৪৩৮ | বগুড়া সদর | বগুড়া |
| ৫ | মানিক দিপা | ২৩৫ | ২৫৩০ | বগুড়া সদর | বগুড়া |
| ৬ | খোদাবন্দবালা | ২৩৭ | ৫০৭ | বগুড়া সদর | বগুড়া |
| ৭ | বৃকুষ্টিয়া | ২৪৯ | ১৫৪০ | বগুড়া সদর | বগুড়া |
| ৮ | কায়েতপাড়া | ৩১ | ২৯৪ | আদমদিঘী | বগুড়া |
| ৯ | কাশিমিলা | ৩২ | ৪৮২ | আদমদিঘী | বগুড়া |
| ১০ | লক্ষীপুর | ৩৫ | ২৩৮২ | ধুনট | বগুড়া |
| ১১ | প্রতাপ খাদুলি | ৬৯ | ৫১৫ | ধুনট | বগুড়া |
| ১২ | চালুয়াবাড়ী | ১৩ | ২৪৩ | সারিয়াকান্দি | বগুড়া |

তারিখ : ১৪ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/২৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.৪৯.৩৬.১১২.১০.৯৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955) এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | পশ্চিম মহোদরী | ১২২ | ২৫৯ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ২ | উত্তর সোনাপুর | ৭৯ | ৬৯৪ | বেগমগঞ্জ | নোয়াখালী |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ৩ | নাটেশ্বর | ২৪২ | ২৯০৪ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ৪ | লাউতলী | ৩১৬ | ১৩৬৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ৫ | দক্ষিণ সোনাপুর | ৩২১ | ৮২০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ৬ | বাবুনগর | ৩২৪ | ৭৭৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ৭ | সোনাদিয়া | ৫৮ | ২৩০৯ | হাতিয়া | নোয়াখালী |
| ৮ | চাঁদখালী | ৮৪ | ১৬৭৩ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| ৯ | মান্দারী | ১১৭ | ৩১৭১ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| ১০ | মধুয়াই | ৯০ | ১৩১৪ | ফেনী সদর | ফেনী |

নং **৩১.০০.০০০০.৪৯.৩৬.০০৮.১৫(অংশ-১).৯৭**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঢাকা কর্তৃক নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার ২৩৬ নম্বর দুধঘাটা মৌজার ডিজিটাল পদ্ধতিতে দিয়ারা জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | দুধঘাটা | ২৩৬ | সোনারগাঁ | নারায়ণগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

**পরিকল্পনা কমিশন**
**কার্যক্রম বিভাগ**
**পিআইএম রিফর্ম অনুবিভাগ**

**পরিপত্র**

তারিখ : ১৫ চৈত্র, ১৪২৭/২৯ মার্চ ২০২১

বিষয় : **বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) সেক্টর পুনর্বিন্যাস।**

নং **২০.০৬.০০০০.৬১৭.১৪.১৮৭.২১/৯১**—উন্নয়ন পরিকল্পনা এবং বাজেট কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিদ্যমান সেক্টরসমূহকে নিম্নোক্তভাবে পুনর্বিন্যাস করা হলো :

| সেক্টর (ক্রমিক নং) | সাব-সেক্টর (ক্রমিক নং) |
|---|---|
| সাধারণ সরকারি সেবা (০১) | আইন প্রণয়ন অংগসমূহ (০১), প্রশাসনিক ও নির্বাহী (০২), ট্রান্সফার পেমেন্ট (০৩), সরকারি দেনা (০৪), সাধারণ সেবা (০৫), আর্থিক, রাজস্ব ও বৈদিশিক সম্পর্ক (০৬) |
| প্রতিরক্ষা(০২) | সামরিক প্রতিরক্ষা সেবা (০৭), সশস্ত্র বাহিনী (০৮) |
| জন শৃঙ্খলা ও সুরক্ষা (০৩) | আইন, বিচার ও আদালত (০৯), জন নিরাপত্তা (১০), সুরক্ষা সেবা (১১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক (১২), দুর্নীতি দমন (১৩) |
| শিল্প ও অর্থনৈতিক সেবা (০৪) | রসায়ন ও খনিজ (১৪), চিনি, খাদ্য ও সহযোগী শিল্প (১৫), ক্ষুদ্র ও কুটির শিল্প (১৬), পাট, বস্ত্র ও রপ্তানি প্রক্রিয়াকরণ (১৭), ব্যবসা ও বাণিজ্য (১৮), ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রনিক্স (১৯), পর্যটন (২০), শ্রম ও কর্মসংস্থান (২১) |
| কৃষি (০৫) | ফসল (২২), খাদ্য (২৩), বন (২৪), মৎস্য (২৫), প্রাণিসম্পদ (২৬), সেচ (২৭), ভূমি (২৮) |
| বিদ্যুৎ ও জ্বালানি (০৬) | বিদ্যুৎ উৎপাদন (২৯), বিদ্যুৎ সঞ্চালন (৩০), বিদ্যুৎ বিতরণ (৩১), জ্বালানি ও শক্তি (৩২), খনিজ সম্পদ (৩৩) |
| পরিবহন ও যোগাযোগ (০৭) | সড়ক পরিবহন (৩৪), রেল পরিবহন (৩৫), নৌ-পরিবহন (৩৬), বিমান পরিবহন (৩৭), ডাক ও টেলিযোগাযোগ (৩৮) |
| স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন (০৮) | পল্লী প্রতিষ্ঠান (৩৯), স্থানীয় সরকার (৪০), পল্লী উন্নয়ন ও সমবায় (৪১), পার্বত্য অঞ্চল বিষয়ক (৪২) |
| পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও পানি সম্পদ (০৯) | বর্জ্য ব্যবস্থাপনা (৪৩), পরিবেশ সংরক্ষণ ও জলবায়ু পরিবর্তন (৪৪), পানি সম্পদ ব্যবস্থাপনা (৪৫) |
| গৃহায়ণ ও কমিউনিটি সুবিধাবলি (১০) | ভৌত পরিকল্পনা (৪৬), গৃহায়ন (৪৭), কমিউনিটি উন্নয়ন (৪৮), পানি সরবরাহ ও স্যানিটেশন (৪৯) |
| স্বাস্থ্য (১১) | স্বাস্থ্য সেবা (৫০), স্বাস্থ্য শিক্ষা (৫১), পুষ্টি (৫২), জনসংখ্যা ও পরিবার কল্যাণ (৫৩) |
| ধর্ম, সংস্কৃতি ও বিনোদন (১২) | ক্রীড়া (৫৪), শিল্প ও সংস্কৃতি (৫৫), যুব উন্নয়ন (৫৬), গণ যোগাযোগ (৫৭), ধর্ম বিষয়ক (৫৮) |
| শিক্ষা (১৩) | প্রাথমিক ও গণশিক্ষা (৫৯), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (৬০), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা (৬১), বিশ্ববিদ্যালয় শিক্ষা (৬২) |
| বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি (১৪) | বিজ্ঞান ও প্রযুক্তি (৬৩), তথ্য যোগাযোগ প্রযুক্তি (৬৪) |

| সেক্টর (ক্রমিক নং) | সাব-সেক্টর (ক্রমিক নং) |
|---|---|
| সামাজিক সুরক্ষা (১৫) | সমাজ কল্যাণ (৬৫), মহিলা ও শিশু বিষয়ক (৬৬), মুক্তিযুদ্ধ বিষয়ক (৬৭), দুর্যোগ ও ত্রাণ (৬৮), খাদ্য নিরাপত্তা (৬৯), বেকারত্ব (৭০), বার্ধক্য (৭১), প্রতিবন্ধী (৭২) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ আনোয়ার উদ্দিন**
যুগ্মপ্রধান।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/২১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.২৩.০১৯.১৮-২২৩**—২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২১ উপলক্ষে লঘু অপরাধে দন্ডিত অর্ধেকের বেশি সাজাভোগকৃত কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ৮ (আট) জন কয়েদির অবশিষ্ট কারাদন্ড মওকুফ করা হয়েছে :

| ক্র: নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ০১ | কয়েদি নং-৯৭০১/এ, কামাল হোসেন খোকন, পিতা-আব্দুল্লা মিয়া, বয়স-৫০ বছর, সি আর মামলা নং-৭৭৬/১৫ | লক্ষ্মীপুর জেলা কারাগার |
| ০২ | কয়েদি নং-৯১৮৫/এ, আঃ রহমান মাঝি, পিতা-মৃত আবুল কালাম @ কালু মাঝি, বয়স-৬০ বছর, জি আর মামলা নং-১/০৫ | বরিশাল কেন্দ্রীয় কারাগার |
| ০৩ | কয়েদি নং-৩৭৫৬/এ, লেনাট তৃর্কী, পিতা-বাছিল তৃর্কী, বয়স-২১ বছর, সি আর মামলা নং ৯২/২০১৫ | মৌলভীবাজার জেলা কারাগার |
| ০৪ | কয়েদি নং-১৯৫২/এ, মোঃ শাহিন, পিতা-আঃ জলিল বয়স-৩০ বছর, রাজপাড়া থানার মামলা নং-৪০(১১)১৭ | রাজশাহী কেন্দ্রীয় কারাগার |
| ০৫ | কয়েদি নং-২৪৫৩/এ, মোঃ জামিল, পিতা-খোয়াজ উদ্দিন মোল্লা, বয়স-৪০ বছর, টঙ্গী থানার মামলা নং-২২(১০)১৫ | রাজশাহী কেন্দ্রীয় কারাগার |
| ০৬ | কয়েদি নং-২৪৫৩/এ, মোঃ নিরব পাটোয়ারী, পিতা-তোফাজ্জল হোসেন, বয়স-৫৩ বছর, জি আর মামলা নং-১০১/১৫ | ভোলা জেলা কারাগার |
| ০৭ | কয়েদি নং-৪৬৪১/এ, আবুল কাশেম, পিতা-মৃত তৈয়ব আলী, বয়স-৩৬ বছর, সদর দক্ষিণ থানার মামলা নং-৬৪(১০)০৮ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ০৮ | কয়েদি নং-৩৫৯৯/এ মোঃ মনসুর রহমান পিতা-মোঃ আব্দুস সামাদ সোনার, বয়স-৩৪ বছর, সি আর মামলা নং-১২৯/০৭ | জয়পুরহাট জেলা কারাগার |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রহিয়াছে।

৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

৪। অন্য কোন কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখার আবশ্যকতা না থাকলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখ : ১৬ মার্চ ২০২১ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৮.২০-১০০**—যেহেতু ডা. রুমানা আক্তার (১২০৮৪৭), মেডিকেল অফিসার (জেনারেল সার্জারি), ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে ১৬-০৭-২০১৮ খ্রি. হতে ০৫-১০-২০১৯ খ্রি. পর্যন্ত মোট ১ বছর ২ মাস ২১ দিন অননুমোদিত কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে

স্বাস্থ্য সেবা বিভাগের ২৩-০৮-২০২০ খ্রি. তারিখের ৩০৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৭-০৯-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে বিধিমোতাবেক তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা. রুমানা আক্তারের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদন্ড আরোপ করা হলো এবং এ মর্মে তার বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো। অভিযোগে বর্ণিত তার অনুপস্থিতিকাল অর্থাৎ ১৬-০৭-২০১৮ খ্রি. হতে ০৫-১০-২০১৯ খ্রি. পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে এ সংক্রান্ত কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবদুল মান্নান**
সচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হইবে]**

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**প্রশাসন শাখা-১**

**আদেশ**

তারিখ : ০৮ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/২২ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

নং **৪৭.০০.০০০০.০৩১.১২.০২২.২০.২১১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং- ০৫.১৩৩.০০৬.০৩.১৬১.০৪.২০১২.৪৮ তারিখ : ১৭-০২-২০১৪ খ্রি. অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১ এর পত্র নং-০৭.১৫১.০১৫.০৫.০০.০৩.২০১৩.৩৭৩ তারিখ : ২৭-১০-২০১৩ খ্রি. অর্থ বিভাগের বাস্তবায়ন শাখা-২ এর পত্র নং-০৭.০০.০০০০.১৬২.০০৫.০০৪.১৩.২১৩ তারিখ : ১৮-১১-২০১৩ খ্রিঃ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন সংক্রান্ত সার-সংক্ষেপ নং- ০৫.১৩৩.০০৬.০৩.১৬১.০৪.২০১২ তারিখঃ ২১-০১-২০১৪ এর মাধ্যমে প্রাপ্ত সম্মতির প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মহাপরিচালক এর পদকে নিম্নোক্ত শর্তে ও বেতন স্কেলে গ্রেড-১ এ উন্নীতকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|
| মহাপরিচালক<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড<br>(বিআরডিবি) | টা: ৭৮,০০০/-(নির্ধারিত)<br>গ্রেড-১ |

(ক) সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে, তবে সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালা সংশোধন না করা পর্যন্ত সরকার উপযুক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে;

(খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত স্কেল প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে;

(গ) উক্ত পদের ব্যয়ভার বিআরডিবি'র সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ হবে।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

৩। উপরোক্ত বিষয়ে প্রচলিত যাবতীয় বিধি/আনুষ্ঠানিকতা পালন করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হইবে]**

**আদেশ**

তারিখ : ০৮ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/২২ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

নং **৪৭.০০.০০০০.০৩১.১২.০২২.২০.২১২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.১৩৩.০০৬.০৩.১৬১.০৪.২০১২.৪৮ তারিখ : ১৭-০২-২০১৪ খ্রি. অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১ এর স্মারক নং-০৭.১৫১.০১৫.০৫.০০.০৩.২০১৩.৩৭৪ তারিখ : ২৭-১০-২০১৩ খ্রি. অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের পত্র নং-০৭.০০.০০০০.১৬২.০০৫.০০৪.১৩.২১৩ তারিখ : ১৮-১১-২০১৩ খ্রিঃ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন সংক্রান্ত সার-সংক্ষেপ নং-০৫.১৩৩.০০৬.০৩.১৬১.০৪.২০১২ তারিখঃ ২১-০১-২০১৪ এর মাধ্যমে প্রাপ্ত সম্মতির প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তর এর নিবন্ধক ও মহাপরিচালক এর পদকে নিম্নোক্ত শর্তে ও বেতন স্কেলে গ্রেড-২ এ উন্নীতকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|
| নিবন্ধক ও মহাপরিচালক<br>সমবায় অধিদপ্তর, ঢাকা। | টা: ৬৬,০০০—৭৬৪৯০/-<br>গ্রেড-২ |

(ক) সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে, তবে সংশ্লিষ্ট নিয়োগবিধি/ প্রবিধানমালা সংশোধন না করা পর্যন্ত সরকার উপযুক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে;

(খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত স্কেল প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে;

(গ) উক্ত পদের ব্যয়ভার সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ হবে।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

৩। উপরোক্ত বিষয়ে প্রচলিত যাবতীয় বিধি/আনুষ্ঠানিকতা পালন করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

**স্থানীয় সরকার বিভাগ**
**সিটি কর্পোরেশন-১ শাখা**

**পরিপত্র**

তারিখ : ০৮ চৈত্র ১৪২৭/২২ মার্চ ২০২১

বিষয় : **বাংলাদেশের নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা, পুষ্টি ও পরিবার কল্যাণ সেবা প্রদানে স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব ও ভূমিকা।**

নং **৪৬.০০.০০০০.০৭০.১৪.০০১.১৫(অংশ-১).৩০০**— বাংলাদেশের নগর এলাকায় (সিটি কর্পোরেশন ও পৌরসভা) প্রাথমিক স্বাস্থ্যসেবা, পুষ্টি ও পরিবার কল্যাণ সেবা প্রদান কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থাপনা অনুসরণীয় হবে :

**(ক) জনবল কাঠামো প্রণয়ন, পদ-সৃজন ও পদায়ন:**

১. প্রতিটি পৌরসভায় প্রধান নির্বাহী কর্মকর্তা পদে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা পদায়নের জন্য পর্যায়ক্রমে উদ্যোগ গ্রহণ করতে হবে। পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পদায়নকৃত কর্মকর্তাদের বেতন-ভাতাদি স্থানীয় সরকার বিভাগ হতে নির্বাহ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান নির্বাহী কর্মকর্তা পদে কর্মকর্তা পদায়ন না করা পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে দেশের সকল জেলা সদরের পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা পদে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত একজন 'সিনিয়র সহকারী কমিশনার' বা 'সহকারী কমিশনার' কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যেতে পারে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

২. স্থানীয় সরকার বিভাগ স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে সকল সিটি কর্পোরেশন এবং সকল শ্রেণির পৌরসভার জন্য স্বাস্থ্য সংশ্লিষ্ট জনবলের চাহিদা নিরূপন করবে এবং একটি "মডেল জনবল কাঠামো" সৃজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। এ জনবল কাঠামোতে অন্তর্ভুক্ত সকল ধরনের চিকিৎসক, নার্স এবং অন্যান্য কারিগরি পদের পদায়ন স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে নির্বাহ করা হবে। মডেল জনবল কাঠামোর আওতায় উল্লিখিত পদসমূহ সৃজিত না হওয়া পর্যন্ত স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে বিভিন্ন সিটি কর্পোরেশন ও জেলা সদরের পৌরসভার কারিগরি পদগুলোতে পর্যায়ক্রমে সংযুক্তিতে জনবল পদায়ন করা হবে। পদায়নকৃত জনবলের বেতনভাতা স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেট হতে নির্বাহ করা হবে।

৩. সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ প্রাথমিক স্বাস্থ্য সেবা, পুষ্টি ও পরিবার কল্যাণ সেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য সেবা প্রদান সংশ্লিষ্ট বিভাগ/শাখা, হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্রের সহায়ক কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় পদ সৃজন ও শূন্য পদ পূরণসহ সাংগঠনিক কাঠামো হালনাগাদ করবে। এ সকল অ-কারিগরি পদসমূহে কর্মচারীদের বেতন ভাতা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভা বহন করবে। সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ স্বাস্থ্য সেবা প্রদানের প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন, লজিস্টিকস্ সহায়তা প্রদান ও কাজের যথাযথ পরিবেশ নিশ্চিত করবে।

**(খ) নগর এলাকার প্রাথমিক স্বাস্থ্যসেবা, পুষ্টি ও পরিবার কল্যাণ সেবার কৌশল নির্ধারণ, পরিকল্পনা ও কার্যক্রম পরিচালনা:**

১. সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ স্ব স্ব এলাকায় প্রাথমিক স্বাস্থ্য ও পুষ্টি সেবার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে জাতীয় কর্মসূচিসমূহ বাস্তবায়ন করবে এবং বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিও কর্তৃক পরিচালিত স্বাস্থ্য ও পুষ্টি সেবা কার্যক্রমের সমন্বয়, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করবে।

২. স্থানীয় সরকার বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে নগর স্বাস্থ্য বিষয়ক নীতি, কৌশলপত্র পরিকল্পনা ও প্রণয়ন এবং কর্মসূচি গ্রহণ করবে।

**(গ) অর্থায়ন, লজিষ্টিক এবং উপকরণ সরবরাহ :**

১. জাতীয়ভাবে নগর এলাকায় স্বাস্থ্য ও পুষ্টিসেবা কার্যক্রম পরিচালনার মূল তহবিল/বরাদ্দ স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে থাকবে। এই তহবিল/বরাদ্দ হতে অর্থায়ন প্রক্রিয়া অর্থ বিভাগের সাথে আলোচনাপূর্বক নির্ধারণ করা হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় তাঁদের নির্ধারিত তহবিল থেকে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় লজিষ্টিক (যেমন-যন্ত্রপাতি, ঔষধ ও আনুষঙ্গিক জিনিসপত্র) সরবরাহ করবে এবং প্রশিক্ষণসহ সকল জাতীয় কর্মসূচির উপকরণ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে।

২. স্থানীয় সরকার বিভাগ নগর এলাকায় স্বাস্থ্য ও পুষ্টিসেবা কার্যক্রম পরিচালনার জন্য থোক বরাদ্দ প্রদান করবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ তাদের আয়ের একটি নির্দিষ্ট অংশ এ সংক্রান্ত কাজে ব্যয় করবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য বিভাগীয় অ-কারিগরি পদের কর্মীদের বেতন ভাতাদির জন্য প্রয়োজনীয় অর্থ নিজস্ব তহবিল থেকে বরাদ্দ করবে এবং প্রয়োজনীয় দৈনন্দিন মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য নিজস্ব তহবিল থেকে ব্যয় করবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে স্ব স্ব রাজস্ব আয় বৃদ্ধির মাধ্যমে পর্যায়ক্রমে স্বাস্থ্য ও পুষ্টিসেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা অর্জন করতে হবে।

**(ঘ) মনিটরিং, মূল্যায়ন এবং রিপোর্টিং :**

১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নগর স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি পরিকল্পনা, অগ্রগতি পর্যালোচনা, মনিটরিং, মূল্যায়ন ও প্রতিবেদন তৈরী প্রক্ষিয়ায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানের (সিটি কর্পোরেশন ও পৌরসভা) স্বাস্থ্য সেবা ও পুষ্টি কার্যক্রমকে অন্তর্ভুক্ত করবে। জাতীয় ও স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আয়োজিত পর্যালোচনা সভায় স্থানীয় সরকার প্রতিষ্ঠাসমূহকে অন্তর্ভুক্ত করবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য সেবা সংক্রান্ত তথ্যাদি নিয়মিত স্বাস্থ্য বিষয়ক জাতীয় তথ্য ভান্ডারে (ডিএইচআইএস-২) অন্তর্ভুক্ত করবে।

২. স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত কর্মসূচি পরিকল্পনা ও পর্যালোচনা সভায় অংশগ্রহণ করবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা/অনুরোধক্রমে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কাজের মনিটরিং করবে; এবং

৩. স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় ও স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত পর্যালোচনা সভায় অংশগ্রহণ করবে।

**(ঙ) বিবিধ :**

১. প্রাথমিক পর্যায়ে দেশের সকল সিটি কর্পোরেশন ও জেলা শহরের সকল পৌরসভায় প্রাথমিক স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান কার্যক্রম শুরু করা হবে।

২. নগর স্বাস্থ্য সেবা প্রদান সংক্রান্ত সকল কার্যক্রমে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন/উপপরিচালক, পরিবার পরিকল্পনা এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সমন্বয় করে কাজ করবে। এ বিষয়ে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, সিভিল সার্জন/উপপরিচালক, পরিবার পরিকল্পনা ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৩. স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ পদ্ধতিতে নগর অঞ্চলে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানের জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

৪. National Urban Health Strategy 2020 এর আলোকে Urban Health Co-ordination Committee এবং Urban Health Working Group প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ Urban Health Co-ordination Committee এবং Urban Health Working Group- এর সুপারিশসমূহ বিবেচনাপূর্বক স্ব স্ব অধিক্ষেত্রে এতদ্‌সংক্রান্ত প্রয়োজনীয় অফিস আদেশ জারি করবে।

৫. নগর এলাকার প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগের মধ্যে কোন মতদ্বৈততা দেখা দিলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শ গ্রহণ করা হবে।

(চ) জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**হেলালুদ্দীন আহমদ**
সিনিয়র সচিব।

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৭ আষাঢ় ১৪২৮/২১ জুন ২০২১

নং **০৩.৭৫৯.০১৪.০১২.০০.০১৫.২০১৭(অংশ-২)**—নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার রতনদী, কুশাসন, নারায়ণদিয়া, কামারগাঁও, ঝগড়াখোলা, শিলমান্দি, জগৎদী, মিঠাদী ও মিঠাপুর মৌজায় মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য জনাব মোস্তফা কামাল-ব্যবস্থাপনা পরিচালক, ফ্রেশ ভিলা, হাউজ-১৫, রোড-৩৪, গুলশান-১, ঢাকা-১২১২ এর মালিকানাধীন তফসলিসহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন । নিম্নবর্ণিত তফসিলভুক্ত তাদের মালিকানাধিন জমির পরিমাণ ৩৩.৮৮৫৮ একর। উক্ত আবেদনের প্রেক্ষিতে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোনো ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল-১২), ১১১, বীর উত্তম সি. আর. দত্ত রোড, ঢাকা-১২১৬ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন । উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য মাস্টারপ্লান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্পকারখানা স্থাপন করা হবে । এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ইটিপি) স্থাপন করা হবে ।

জমির মালিকানা: মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিমিটেড

তফসিল ১

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: রতনদী,
জে এল নং: ২২৫

আর.এস. খতিয়ান নং : ১৪, ২১, ২২, ৪৬, ৫৩, ১০৬, ১০৭, ১০৮। মোট ৮ টি খতিয়ান।

আর.এস. দাগ নং : ৬২, ৬৩, ৬৬, ৬৭, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৪, ৭৫ । মোট ১০ টি দাগ এবং জমির পরিমাণ **২.৭০৮৯** একর

নিবন্ধন নম্বর ও সাল : ১১১৩৬/০৭.০৯.২০১৬, ১৪০৩৯/০৯.১১.২০১৬, ১৪০৪০/০৯.১১.২০১৬, ২৭০১/২৮.০২.২০১৯, ২৮৪২/২৮.০২.২০১৯, ১৩৪২৯/২০.১০.২০১৯, ১৩৪৩০/২.০.২০১৯, ১৮৫৮/০৯.০২.২০২০, ৩১৩৭/০২.০৩.২০২০

তফসিল ২

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: কুশাসন,
জে এল নং: ২০৯

আর.এস. খতিয়ান নং: ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৭, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৭ । মোট ১৯ টি খতিয়ান

আর.এস. দাগ নং: ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮,৯, ১১, ১২, ১৩, ১৪, ১৬, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৯, ৩০, ৩২, ৪১, ৪২, ৪৪, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫১, ৫২, ৫৩। মোট ৩৩ টি দাগ এবং জমির পরিমাণ ৯.৩৬৪৪ একর

নিবন্ধন নম্বর ও সাল : ১২৩৫২/২৬.০৯.২০১৭, ১৩৫৩৩/১৯.১০.২০১৭, ২৬৫/০৪.০১.২০১৮, ১৬৮৩/০৫.০২.২০১৮, ৫১৯৯/১৮.৪.২০১৮, ৫৪৫৮/২৪.৪.২০১৮, ৫৫৪৯/২৫.৪.২০১৮, ৭১০০/০৫.০৬.২০১৮, ৭১০১/০৫.০৬.২০১৮, ৮২২৫/১২.৭.২০১৮, ৮২২৬/১২.৭.২০১৮, ৮২২৭/১২.৭.২০১৮, ৮২২৯/১২.৭.২০১৮, ৮২৫৯/১২.৭.২০১৮, ১০১১৯/১৯.৮.২০১৮, ১২২১৩/১০.১০.২০১৮, ১২২১৫/১০.১০.২০১৮, ২৮৯৫/০৫.০৩.২০১৯, ৩৮৪১/২৫.৩.২০১৯, ৭১১৩/১৯.৬.২০১৯, ১৫৭৯২/৫.১২.২০১৯, ১৫৭৯৩/৫.১২.২০১৯, ২৮৭৫/২৫.২.২০২০, ৩৫৫৪/১০.০৩.২০২০, ৪১২২/২৩.৩.২০২০ ৬৯২৪/২৭.৭.২০২০, ১২৫০৩/০৯.১১.২০২০, ১২৫৮৪/১০.১১.২০২০, ১৪৪৩১/১৩.১২.২০২০

তফসিল ৩

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: কামারগাঁও,
জে এল নং: ২১২

আর.এস. খতিয়ান নং : ২, ৭, ৯, ১২, ১৮, ২০, ২১, ২২, ২৬, ২৮, ৩৩, ৩৪, ৩৭, ৪১। মোট ১৪ টি খতিয়ান

আর.এস. দাগ নং: ৯, ১৭, ২৮, ২৯, ৩১, ৩৪, ৩৫, ৩৬, ৪২, ৪৬, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫৫, ১০২, ১০৩।

মোট **১৭** টি দাগ এবং জমির পরিমাণ ৩.৫৬৮৩ একর

**নিবন্ধন নম্বর ও সাল** : ২৫৬৯/২০.০২.২০১৭, ১০৭০৮/২০.০৮.২০১৭, ২৬৪২/২৬.০২.২০১৮, ৩৪৬৬/১৪.০৩.২০১৮, ৩৮৫৯/২১.০৩.২০১৮, ১০১১২/১৯.০৮.২০১৮, ১১৬০৬/১৮.০৯.২০১৯, ১৩৩২৯/০১.১১.২০১৮, ১৩৯০৯/১২.১১.২০১৮, ১৪০৮৯/১৫.১১.২০১৮, ১৪১৬৩/১৮.১১.২০১৮, ৩৬৪২/২০.০৩.২০১৯, ৫১৫৮/২২.০৬.২০২০, ৫১৫৯/২২.০৬.২০২০, ১৬৩৭২/২৮.১২.২০২০

তফসিল ৪

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: নারায়ণদিয়া,
জে এল নং: ২১০

আর.এস. খতিয়ান নং : ২, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১১, ১৩, ১৪, ১৫, ১৬, ১৮, ২০, ২২, ২৫, ২৬, ২৭, ২৮ । মোট ২০ টি খতিয়ান

আর.এস. দাগ নং : ৪৪, ৪৫, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫৭, ৫৮, ৫৯, ৬১, ৬২, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৮।
মোট ৫৯ টি দাগ এবং জমির পরিমাণ **১৫.২১৪২** একর

নিবন্ধন নম্বর ও সাল : ১২৩৫৩/২৬.০৯.২০১৭, ১২৩৫৪/২৬.০৯.২০১৭, ১২৩৫৫/২৬.০৯.২০১৭, ১২৩৫৬/২৬.০৯.২০১৭, ১৩৫৩৩/১৯.১০.২০১৭, ২৬৪/০৪.০১.২০১৮, ২০৫০/১৩.০২.২০১৮, ৫১৯৮/১৮.৪.২০১৮, ৫২৯৮/২২.৪.২০১৮, ৮২২৮/১২.৭.২০১৮, ১২২১৪/১০.১০.২০১৮, ২৫৮/০৮.০১.২০১৯, ১৫০৪/০৪.০২.২০১৯, ১৮১৪/১০.০২.২০১৯, ১৯৭৪/১২.০২.২০১৯, ২৭০২/২৮.০২.২০১৯, ২৮৯৬/০৫.০৩.২০১৯, ৩৫৬০/১৯.০৩.২০১৯, ৩৮৪৩/২৫.০৩.২০১৯, ৫৫৯৯/৫.৫.২০১৯, ৭১১৪/১৯.৬.২০১৯, ৯৫৯১/৫.৮.২০১৯, ৯৫৯৭/৫.৮.২০১৯, ৯৬০৪/৫.৮.২০১৯, ১০৭৪৮/৩.৯.২০১৯, ১২৮৬৪/১০.১০.২০১৯, ১৫৯৭১/৯.১২.২০১৯, ২৮৪৪/২৫.২.২০২০, ৩৫৫৫/১০.০৩.২০২০, ৭৪০৩/১৬.৮.২০২০, ১২৫০২/০৯.১১.২০২০, ১২৫৮৩/১০.১০.২০২০, ১৩৬৬৩/২৯.১১.২০২০, ১৫১৫৭/২৩.১২.২০২০, ১৫৫৯/২৭.০১.২০২১, ১৫৬০/২৭.০১.২০২১, ১৮৭৯/০১.০২.২০২১, ৩৬৬৯/২৪.০২.২০২১, ৩৮০১/০৩.০৩.২০২১, ৩৮০২/০৩.০৩.২০২১, ৪৮৬১/২১.০৩.২০২১, ৫৫০১/২৯.০৩.২০২১, ৬৭৬০/২০.০৫.২০২১, ৬৯৪৯/২৪.০৫.২০২১

তফসিল ৫

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: ঝগড়াখোলা, জে এল নং: ২১৩

আর.এস. খতিয়ান নং : ৩, ২৫। মোট ২ টি খতিয়ান

আর.এস. দাগ নং : ২৭, ৫৬, ৫৭

নিবন্ধন নম্বর ও সাল : ৭১৫৪/০৬.০৬.২০১৮, ৭১৫৭/০৬.০৬.২০১৮। মোট ৩ টি দাগ এবং জমির পরিমাণ ০.২১৮২ একর

তফসিল ৬

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: শিলমান্দি , জে এল নং: ২১৪

আর.এস. খতিয়ান নং : ১৬, ২০, ২৬, ২৭। মোট ৪ টি খতিয়ান

আর.এস. দাগ নং : ১৬, ২০, ২৯, ৩৪, ৩৫, ৩৭, ৫১

নিবন্ধন নম্বর ও সাল : ৭১৫৭/০৬.০৬.২০১৮, ১০০৫৭/১৭.০৮.২০১৮, ২৫২১/২৫.০২.২০১৯, ১৪৩৪৩/০৫.১১.২০১৯

মোট ৭ টি দাগ এবং জমির পরিমাণ ০.৯৪২০ একর

তফসিল ৭

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: জগৎদী, জে এল নং: ২১৭

আর.এস. খতিয়ান নং : ১৭, ১৮, ২৩। মোট ৩ টি খতিয়ান

আর.এস. দাগ নং : ১১, ১৪, ১৮, ৩২, ৩৮

নিবন্ধন নম্বর ও সাল : ৭১৫৭/০৬.০৬.২০১৮, ২৫২২/২৫.০২.২০১৯, ১৪২৯৭/০৮.১২.২০২০। মোট ৫ টি দাগ এবং জমির পরিমাণ ১.৫০১৫ একর

তফসিল ৮

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: মিঠাদী, জে এল নং: ২১৬

আর.এস. খতিয়ান নং : ২। মোট ১ টি খতিয়ান

আর.এস. দাগ নং : ১২

নিবন্ধন নম্বর ও সাল : ৭১৫৮/০৬.০৬.২০১৮।

মোট ১ টি দাগ এবং জমির পরিমাণ ০.১৬০০ একর

তফসিল ৯

জেলা: নারায়ণগঞ্জ, উপজেলা: সোনারগাঁও, মৌজা: মিঠাপুর, জে এল নং: ২১৮

আর.এস. খতিয়ান নং : ১৫, ৩০। মোট ২ টি খতিয়ান

আর.এস. দাগ নং : ৫, ৩০

নিবন্ধন নম্বর ও সাল : ৮২৩০/১২.০৭.২০১৮, ৯৮০৩/১৩.০২.২০১৮, ১৩৯০০/১২.১১.২০১৮।

মোট ২ টি দাগ এবং জমির পরিমাণ ০.২০৮৩ একর

সর্বমোট:
২.৭০৮৯+৯.৩৬৪৪+৩.৫৬৮৩+১৫.২১৪২+০.২১৮২+০.৯৪২০+ ১.৫০১৫+ ০.১৬০০+ ০.২০৮৩ = ৩৩.৮৮৫৮ একর

**মোঃ শোয়েব**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/১৫ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.০৬০.২১-২৪৪**—হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলাধীন ‘বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বালিকা উচ্চ বিদ্যালয়’টি ১৫ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ/০১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ তারিখ হতে সরকারিকরণ করা হলো।

০২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোনো শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ জামাল হোসেন**
উপসচিব।